

ছেট করে

শাহবাগে নাগরিক অবস্থান

নুসরাত হত্যার বিচার দাবিতে দেশব্যাপী রোড মার্চের ডাক

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ২০ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

অ-
অ
অ+

ফেনীর সোনাগাজীর মাদরাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যাকাণ্ডে জড়িত ওসি মোয়াজ্জেম হোসেনসহ সব অপরাধীকে গ্রেপ্তার করে দৃষ্টিভূলক বিচারের দাবি জানিয়েছে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। পাশাপাশি এ ঘটনায় পুলিশের ভূমিকার বিচার বিভাগীয় তদন্তেরও দাবি জানিয়েছে তারা। তারা নুসরাতের খুনিদের বিচারের দাবিতে দেশব্যাপী রোড মার্চ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে। গতকাল শুক্রবার বিকেলে রাজধানীর শাহবাগে জাতীয় জাতুঘরের সামনে আয়োজিত এক নাগরিক অবস্থান কর্মসূচি থেকে এই ঘোষণা দেওয়া হয়। ‘যৌন নিপীড়নবিরোধী শিক্ষার্থীজোট’ ও ‘সমাজের জাহ্নত নাগরিক গোষ্ঠী’র ব্যানারে এই কর্মসূচির আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন যৌন নিপীড়নবিরোধী শিক্ষার্থীজোটের আহ্বায়ক শিবলী হাসান। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল, অধ্যাপক সোনিয়া নিশাত আমিন, প্রগতিশীল আন্দোলন কর্মী আকরামুল হক, নারী ব্যবসায়ী আইরিন রাবুনী, সাংস্কৃতিক আন্দোলন কর্মী সানজিদা কাজী প্রমুখ।

মন্তব্য